



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: WorkSheet -2

Class: 3



Subject: Bengali Grammar: (বোধশক্তির বিচার)

Date: 3/07/2020

নিচের অনুচ্ছেদটা ভাল করে পড়ে উত্তর গুলি লেখঃ

বিড়ালের সঙ্গে আকৃতিতে বাঘের খুব মিল আছে। দেখে মনে হয় যেন ছোটো একটা বাঘ তাই একে বলে বাঘের মাসী। নানা রঙের বিড়ল দেখা যায়। এদের পায়ের নিচে থাবায় ধারালো নখ আছে। শিকার ধরার সময় বের করে। এরা ছোটো প্রাণী শিকার করে। হুঁদুর, পায়রা, ও পাখি শিকার করে খায়। এছাড়া মাছ ও দুধ এদের প্রিয় খাদ্য। এদের পায়ের নিচে নরম মাংসপিণ্ড থাকে তাই এরা নিঃশব্দে চলাফেরা করতে পারে। রাতের অন্ধকারে এরা দেখতে পায়। রাতে এদের চোখ জ্বলজ্বল করে। বিড়াল অনেক সময় ডিপথেরিয়া রোগের জীবানু বহন করে।

প্রশ্ন:

১। দুটি গৃহপালিত পশুর নাম লেখ ?

২। বিড়ালকে কেন বাঘের মাসী বলে ?

৩। বিড়াল কী দিয়ে শিকার ধরে ?

৪। বিড়াল কী কী শিকার করে খায় ?

৫। বিড়াল চলাফেরা করলে আওয়াজ হয় না কেন ?

৬। বিড়াল কোন রোগের জীবানু বহন করে ?

৭। শূন্যস্থান পূরণ কর ---

ক) বিড়ালের সঙ্গে আকৃতিতে _____ খুব মিল আছে।

খ) _____ ও _____ এদের প্রিয় খাদ্য।

গ) রাতে বিড়ালের চোখ _____ করে।

৮। বাক্য রচনা কর ---

ক) থাবা =

খ) শিকার =

গ) নিঃশব্দে =

৯। বিপরীত শব্দ লেখ -

ক) ছোট =

খ) মিল =

গ) অক্ষর =

Manashi Chaudhuri